

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা

মে, ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	: মোঃ মোখতার আহমেদ সচিব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
সভার তারিখ	: ২৮ জুন ২০২৬, সকাল ১১:০০ টা।
সভার স্থান	: মন্ত্রণালয়ের সভা কক্ষ।
অংশগ্রহণকারী	: সভায় উপস্থিত সদস্যবৃন্দ- পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গত ২৩ মে ২০২৬ তারিখে অনুষ্ঠিত এপ্রিল ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর, উপসচিব (সংসদ ও সমন্বয় শাখা) সভার আলোচ্যসূচি অনুসারে বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র.নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	নির্বাচনী ইশতেহার অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন	এ মন্ত্রণালয়ের সচিব মহোদয় নির্বাচনী ইশতেহার অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকে নির্দেশনা প্রদান করেন।	১.১ নির্বাচনী ইশতেহার অনুযায়ী ১৮০ দিনের প্রণয়নকৃত পরিকল্পনা নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।	
০২.	সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ও পরবর্তী সভার আলোচ্যসূচি প্রেরণ	সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সঠিক সময়ে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণের বিষয়ে আলাপ হয়। প্রবাসী কল্যাণ কার্ড চূড়ান্ত করার লক্ষ্যে সংশ্লিষ্টদের অধিকতর তৎপর হওয়ার বিষয়ে আলোচনা হয়। নির্ধারিত সময়ের মধ্যে প্রবাসী কার্ড প্রদানে সরকার বন্ধ পরিকর মর্মে সভাকে অবহিত করা হয়।	২.১ সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং পরবর্তী সভার আলোচ্যসূচি প্রত্যেক মাসের সমন্বয় সভার কমপক্ষে ০৫ (পাঁচ) কার্যদিবস পূর্বে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। উল্লেখ্য, উক্ত সময় অতিক্রম করলে অগ্রগতি প্রতিবেদন গ্রহণ করা হবে না। ২.২ প্রবাসী কার্ড নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২.৩ মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী ডি-নথির মাধ্যমে ফাইল নিষ্পন্ন করতে হবে। সকল নথি (আর্থিক ও গোপনীয় প্রতিবেদন ব্যতীত) ডি-নথির মাধ্যমেই নিষ্পত্তি করতে হবে। ২.৪ মাস ভিত্তিক চিঠিপত্র নিষ্পত্তির (হার্ডনথি ও ডি-নথি) তথ্য প্রেরণ করতে হবে। ২.৫ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তরসমূহের শূন্য পদের তালিকা, কর্মরতদের তালিকা এবং কর্মরতদের মধ্যে কে কতদিন ধরে বিদ্যমান কর্মস্থলে কর্মরত রয়েছেন সে তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	ক) অনুবিভাগ প্রধান (সকল) (খ) দপ্তর/সংস্থার প্রধান (সকল)
	GPMS সংক্রান্ত	সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) ২০২৬-২৭ প্রণয়ন এবং ২০২৫-২৬ বাস্তবায়নে সকল অনুবিভাগকে স্ব স্ব কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নির্দেশনা প্রদান করেন।	২.৬ সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) ২০২৫-২৬ (এপ্রিল-জুন ২০২৬ পর্যন্ত) এর বাস্তবায়ন অগ্রগতির তথ্য (Input) জুলাই মাসের প্রথম সপ্তাহের মধ্যে বাজেট শাখায় প্রেরণ করতে হবে। ২.৭ সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS) ২০২৬-২৭ নির্ধারিত সময়ের মধ্যে প্রণয়ন করতে হবে।	
০৩.	ডি-নথির কার্যক্রম	প্রশাসন ও অর্থ অনুবিভাগের যুগ্মসচিব বলেন যে, এ মন্ত্রণালয় ডি নথিতে অনেক পিছিয়ে রয়েছে।	৩.১ জুন ২০২৬ মাসে ডি-নথির নিষ্পত্তির সংখ্যা ৫৫% এবং আগামী সেপ্টেম্বর ২০২৬ খ্রি. হতে ৮০% এ	প্রশাসন ও অর্থ অনুবিভাগ

ক্র.নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		আগামী সেপ্টেম্বর মাসের মধ্যে অবশ্যই ডি নথি নিষ্পত্তির হার ৮০% এ উন্নীত করার লক্ষ্যে সকলকে তৎপর হতে হবে। জরুরি প্রয়োজন ব্যতীত হার্ড ফাইলে নথি নিষ্পত্তি করা হতে বিরত থাকতে সকলকে অনুরোধ করেন।	উন্নীত করতে হবে।	
	বাজেট বাস্তবায়ন	অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন যে, পরিচালন বাজেটের ব্যয়ের হার আশানুরূপ হলেও উন্নয়ন বাজেটের ব্যয়ের হার অনেক পিছিয়ে রয়েছে। উন্নয়ন বাজেট ব্যয়ের লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্টদের অধিকতর তৎপর হতে হবে। বিদেশে মৃত কর্মীর লাশ পরিবহনের খাতে বরাদ্দের চেয়ে অধিক অর্থ প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়।	৩.২ ২০২৫-২৬ অর্থ বছরের জুন ২০২৬ পর্যন্ত ব্যয়ের পরিমাণ এবং পূর্ববর্তী অর্থ-বছরের একই সময়ে ব্যয়ের তুলনামূলক তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৩.৩ মৃতদেহ পরিবহন ব্যয়ের খাতে অধিক বরাদ্দের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।	
	প্রচার প্রচারণা	টেলিভিশন, সামাজিক মাধ্যমে প্রচারের জন্য তৈরিকৃত টিভিসি ও ওভিসিসমূহ নতুন করে পর্যালোচনা করা প্রয়োজন মর্মে যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ) সভাকে অবহিত করেন। অতঃপর এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	৩.৪ বিদ্যমান টিভিসি ও ওভিসিসমূহ নতুন করে পর্যালোচনা করতে হবে। এ সংক্রান্ত বিদ্যমান কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	
	মন্ত্রণালয় এবং শ্রম কল্যাণ উইংসমূহের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে পদ সৃজন	মন্ত্রণালয়ের অনুমোদিত অনুবিভাগ ৪টি থাকলেও কর্মপরিধি বৃদ্ধির ফলে বর্তমানে ৮টি অনুবিভাগের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। অবশিষ্ট অনুবিভাগসমূহের জন্য পদ সৃজন করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। প্রবাসী কর্মীদের তুলনায় শ্রম কল্যাণ উইংসমূহে জনবল কম থাকায় তা বৃদ্ধির লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ে ৬২টি পদের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। যা ফলোআপ করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা করা হয়।	৩.৫ মন্ত্রণালয়ের অনুবিভাগসমূহে জনবল বৃদ্ধির লক্ষ্যে পদ সৃজন করতে হবে। ৩.৬ মিশনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে শ্রম কল্যাণ উইংসমূহে পদ সৃজনের বিষয়ে গৃহীত পদক্ষেপের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	
	অডিট আপত্তি নিষ্পন্নকরণ	অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে ত্রিপক্ষীয় সভা আয়োজনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।	৩.৭ অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা অর্থবছর অনুযায়ী আলাদাভাবে প্রদান করতে হবে। ৩.৮ অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ত্রি-পক্ষীয় সভার সিদ্ধান্তের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৩.৯ বিদ্যমান অডিট আপত্তিসমূহ অবলোপন (write off) করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গঠিত কমিটির গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	
০৪.	শ্রম কল্যাণ উইংসমূহের সক্ষমতা বৃদ্ধি ও নতুন কনসাল্টেট স্থাপন	সারওয়াকের চেয়ে জহর বাহরু প্রদেশে অধিক বাংলাদেশী থাকায় সারওয়াকের পরিবর্তে জহর বাহরু (Johor bahru) প্রদেশে সদ্য স্থাপিত বাংলাদেশ কনসাল্টেটে শ্রম কল্যাণ উইং খোলা যেতে পারে মর্মে সভাকে অবহিত করা হয়। পেনাংয়ে কনসাল্টেট খোলার বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়। দূতাবাসে কর্মকর্তাদের নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।	৪.১ নতুন নতুন শ্রম কল্যাণ উইং/কনসাল্টেট খোলার বিষয়ে গৃহীত কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৪.২ মিশন ও কল্যাণ অনুবিভাগ কর্তৃক জুন ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণী পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৪.৩ জহর বাহরু (Johor bahru) প্রদেশে সদ্য স্থাপিত বাংলাদেশ কনসাল্টেটে শ্রম কল্যাণ উইং খোলার উদ্যোগ গ্রহণ করতে হবে। ৪.৪ দূতাবাসে কর্মকর্তাদের নিয়োগ প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।	মিশন ও কল্যাণ অনুবিভাগ

ক্র.নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০৫.	শৃঙ্খলা মামলা নিষ্পত্তি	১টি মামলা তদন্তাধীন রয়েছে এবং ৪টি মামলা আদালতে বিচারাধীন রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।	৫.১ অনিষ্পন্ন শৃঙ্খলা মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করে অগ্রগতি জানাতে হবে। মামলার তালিকা, নিষ্পত্তি এবং অনিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে। বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে শৃঙ্খলা মামলাসমূহ নিষ্পত্তি করতে হবে। ৫.২ বিএমইটি'র তদন্তাধীন মামলার কার্যক্রম দ্রুত শেষ করতে হবে। তদন্ত কর্মকর্তাকে দ্রুত প্রতিবেদন দাখিল করতে হবে। ৫.৩ দপ্তর সংস্থার প্রশাসন অনুবিভাগ কর্তৃক মে ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	দপ্তর ও সংস্থা অনুবিভাগ
০৬.	DIASPORA নীতির অগ্রগতি	অন্তর্বর্তী সরকারের সময়ে বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৭ সংশোধনপূর্বক বিএমইটিতে হস্তান্তরকৃত নিয়োগানুমতি পুনরায় মন্ত্রণালয়ে ফেরত আনাসহ ডায়াসপোরা নীতি দ্রুত সম্পাদনের জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।	৬.১ ডায়াসপোরা নীতি চূড়ান্ত করতে হবে। ৬.২ National Action Plan (NAP) for Implementing the Global Compact for Safe, Orderly and Regular Migration (GCM) in Bangladesh, ২০২৬-২০৩০ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। ৬.৩ আন্তর্জাতিক সংস্থা ও পলিসি অনুবিভাগ কর্তৃক মে ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৬.৪ অন্তর্বর্তী সরকারের সময়ে নীতিমালা (বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী ব্যবস্থাপনা বিধিমালা, ২০১৭) সংশোধনপূর্বক বিএমইটিতে হস্তান্তরকৃত নিয়োগানুমতি পুনরায় মন্ত্রণালয়ে ফেরত আনার উদ্যোগ গ্রহণ করতে হবে।	আন্তর্জাতিক সংস্থা ও পলিসি অনুবিভাগ/বিএ মইটি/ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড/ বোয়েসেল
০৭.	MoU বাস্তবায়ন সংক্রান্ত	'নারী গৃহকর্মী সুরক্ষা সংক্রান্ত গাইডলাইন' প্রণয়নের কাজটি GPMS-এ অন্তর্ভুক্ত থাকায় দ্রুত সম্পন্ন করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়।	৭.১ কর্মসংস্থান অনুবিভাগ কর্তৃক মে ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৭.২ বিভিন্ন দেশের অভিবাসন ব্যয়/সত্যায়ন ফি নির্ধারণ দ্রুত সম্পন্ন করতে হবে। ৭.৩ 'নারী গৃহকর্মী সুরক্ষা সংক্রান্ত গাইডলাইন' প্রণয়নের বিষয়ে গঠিত কমিটির গৃহীত পদক্ষেপ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	কর্মসংস্থান অনুবিভাগ
০৮.	অভিযোগ সংক্রান্ত তথ্য	মে-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : লাইসেন্স স্থগিত/সার্ভার লক : ১২ টি স্থগিতাদেশ প্রত্যাহার বা সার্ভার লক খোলা হয়েছে : ০২ টি লাইসেন্স বাতিল : ০ টি জামানত বাজেয়াপ্ত : ০ টি ■ অভিযোগের গুরুত্ব অনুযায়ী শাখা/অনুবিভাগ পর্যায়ে শুনানী গ্রহণ করা হয়; ■ অন্যান্য অনুবিভাগের কর্মকর্তাদের শুনানীর জন্য দায়িত্ব প্রদান করা হয়; ■ বিএমইটি হতে অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন নেয়া হয়; ■ অনুবিভাগ পর্যায়ে সমন্বয় সভা করা হয়; ■ প্রাপ্ত অভিযোগ : ৭৬ টি ■ পূর্বের জের : ১৩৬ টি ■ মোট অভিযোগ : ২১২ টি ■ অভিযোগ নিষ্পত্তি : ১১৪ টি ■ অনিষ্পন্ন অভিযোগ : ৯৮ টি	৮.১ রিকুটিং এজেন্টদের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। অভিযোগ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অন্যান্য অনুবিভাগের কর্মকর্তাগণকে শুনানীর দায়িত্ব প্রদান করতে হবে। ৮.২ প্রতিবেদনাধীন মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা, প্রতিবেদনাধীন মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা এবং অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৮.৩ অভিযোগ নিষ্পত্তির তথ্য সংক্ষিপ্ত ছক আকারে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগ

ক্র.নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
	মনিটরিং সংক্রান্ত কার্যক্রম	মনিটরিং সংক্রান্ত কার্যক্রম আরো জোরদার করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	৮.৪ রিক্রুটিং এজেন্ট ও মেডিকেল সেন্টারসমূহ সরেজমিন পরিদর্শনসহ মনিটরিং সংক্রান্ত কার্যক্রম আরো গতিশীল করতে হবে।	
	মেডিকেল সংক্রান্ত কার্যক্রম	স্বাস্থ্য পরীক্ষা কেন্দ্রসমূহকে বাধ্যতামূলকভাবে এ মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণের ব্যবস্থা নেয়ার জন্য সংশ্লিষ্ট নীতিমালা সংশোধন করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। মে-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : মেডিকেল সেন্টার তালিকাভুক্তি সংক্রান্ত তথ্য: ২০২২ সাল হতে মে ২০২৬ পর্যন্ত তালিকাভুক্ত : ১৭১ টি বিবেচ্য মাসে তালিকাভুক্ত : - মোট : ১৭১ টি তালিকাভুক্তির নতুন আবেদন প্রাপ্তি : ৩২ টি	৮.৫ তালিকাভুক্তির জন্য আবেদনকারী যোগ্য মেডিকেল সেন্টারসমূহকে জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ের তালিকাভুক্তির লক্ষ্যে কার্যক্রম জোরদার করতে হবে। ৮.৬ মেডিকেল সেন্টারসমূহের তালিকাভুক্তি নবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট নীতিমালা সংশোধনের কার্যক্রম গ্রহণ করতে হবে।	
	আইন সংক্রান্ত	মহামানা হাইকোর্ট এ চলমান মামলাসমূহে সরকারের স্বার্থ সংরক্ষণের নিমিত্ত প্যানেল আইনজীবীগণের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষাসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। মে-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : চলমান রীট/রিভিউ/সিভিল পিটিশন মামলার সংখ্যা : ১০৯ টি বিবেচ্য মাসে দায়েরকৃত রীট সংখ্যা : ০০ টি প্রশাসনিক ট্রাইব্যুনাল/আপীল ট্রাইব্যুনালে মামলা সংখ্যা : ৪৮ টি বিবেচ্য মাস পর্যন্ত সর্বমোট মামলার সংখ্যা : ১৫৭ টি	৮.৭ মহামানা হাইকোর্ট এ চলমান মামলাসমূহে সরকারের স্বার্থ সংরক্ষণের নিমিত্ত প্যানেল আইনজীবীগণের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে। এসএফ যথাযথভাবে প্রেরণ করতে হবে। ৮.৮ বিএমইটি ও জনপ্রশাসন কর্তৃক পরিচালিত মোবাইল কোর্টের কার্যক্রম নিবিড় পর্যবেক্ষণ করতে হবে।	
০৯.	প্রশিক্ষণ সংক্রান্ত	Continuous Discharge Certificate (Cadet CDC) বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে নিয়মিত ফলোআপ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। মে-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : IOM এর সূত্রে জানা যায় PDO Video Clip নির্মাতা প্রতিষ্ঠান Empty Yard (Production House) IOM এর কার্যদেশ মোতাবেক ভিডিও ক্লিপগুলো দাখিল করেছে। IOM দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়ে দাখিল করবে। গত ১৫/০৪/২০২৬ তারিখে এ মন্ত্রণালয়ের সচিবের সভাপতিত্বে IMT গ্রাজুয়েটদের CDC প্রাপ্তির জটিলতা নিরসনের লক্ষ্যে ILO'র Country Director ও তাঁর প্রতিনিধিদের সাথে একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং গত ২০/০৪/২০২৬ তারিখে এ মন্ত্রণালয়ের প্রশিক্ষণ অনুবিভাগ প্রধান, জনাব মো: মোখলেছুর রহমান আকন্দ নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিবের সাথে অনানুষ্ঠানিক সাক্ষাৎ করে CDC সংক্রান্ত বিস্তারিত উপস্থাপন করেন। পরবর্তীতে অনুবিভাগ	৯.১ PDO প্রশিক্ষণ ম্যানুয়েল চূড়ান্তকরণ সংক্রান্ত সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৯.২ Continuous Discharge Certificate (Cadet CDC) বিষয়ে গৃহীত পদক্ষেপের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ৯.৩ প্রশিক্ষণ অনুবিভাগ কর্তৃক জুন ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	প্রশিক্ষণ অনুবিভাগ

ক্র.নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		প্রধান নৌপরিবহন সচিব মহোদয়ের সাথে একাধিক টেলিফোনিক আলোচনা হয়। সকল বিষয় পর্যালোচনাক্রমে নৌপরিবহন মন্ত্রণালয় সভা আহ্বান করবে মর্মে জানিয়েছে।		
১০.	উন্নয়ন বাজেট অনুমোদন	অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন যে, পরিচালন বাজেটের ব্যয়ের হার আশানুরূপ হলেও উন্নয়ন বাজেটের ব্যয়ের হার অনেক পিছিয়ে রয়েছে। উন্নয়ন বাজেট ব্যয়ের লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্টদের অধিকতর তৎপর হতে হবে। মে-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : ▪ Korea International Co-operation Agency (KOICA) এর আর্থিক অনুদান সহায়তায় বাস্তবায়নের জন্য “Post-Management support for the Academic Building Construction at BKTC Chittagong.” শীর্ষক প্রকল্পের PDPP প্রেরণের জন্য ১১ মে ২০২৬ তারিখে মহাপরিচালক, বিএমইটি-কে অনুরোধ করা হয়েছে। ▪ ২০২৬-২৭ অর্থবছরের, এডিপিতে অন্তর্ভুক্ত চলমান এবং অননুমোদিত নতুন প্রকল্প বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারের সাথে সমন্বয় প্রতিবেদন ১৩ মে ২০২৬ তারিখে পরিকল্পনা বিভাগে প্রেরণ করা হয়েছে। ▪ “Conducting research on determining the employment opportunity and trades in demand for Bangladeshi workers in the International labor market” শীর্ষক প্রকল্পের PDPP প্রেরণের জন্য ১৮ মে ২০২৬ তারিখে মহাপরিচালক, বিএমইটি-কে অনুরোধ করা হয়েছে। ▪ সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক ১৮০ দিন, আগামী ২০২৬-২৭ অর্থবছর এবং আগামী ৫ বছরের প্রকল্প সংশ্লিষ্ট কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন কৌশল নির্ধারণ সংশ্লিষ্ট তথ্য ১৯ মে ২০২৬ তারিখে শিল্প ও শক্তি বিভাগে প্রেরণ করা হয়েছে।	১০.১ পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ কর্তৃক জুন ২০২৬ এ সম্পাদিত গুরুত্বপূর্ণ কাজের বিবরণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ
১১.	জব ফেয়ার এর আয়োজন	মে-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : বিএমইটি’র অধীন দপ্তরসমূহের মাধ্যমে ২০২৫-২৬ অর্থবছরে আয়োজিত জব ফেয়ারের সংখ্যা- ১৭৭টি এবং জব ফেয়ারের মাধ্যমে মোট কর্মসংস্থান ২৩,১৮৯ জন (বৈদেশিক- ১৩,৫৬৮জন, স্থানীয়-৯,৬২১জন)। মে/২০২৬ মাসে আয়োজিত জব ফেয়ারের সংখ্যা-১৩টি এবং জব ফেয়ারের মাধ্যমে মোট কর্মসংস্থান ২,০০০ জন (বৈদেশিক-১,৯৪০জন, স্থানীয়- ৬০জন)। মে/২০২৬ মাসে ১৩টি জব ফেয়ারের মাধ্যমে ১,৯৪০ জনের বৈদেশিক কর্মসংস্থান হয়েছে।	১১.১ ২০২৫-২৬ অর্থবছরের প্রতিবেদনামূলক মাসে (জুন ২০২৬) এবং আলোচ্য অর্থবছরে আয়োজনকৃত জব ফেয়ারের মাধ্যমে কতজন অংশগ্রহণকারী চাকুরী পেয়ে বিদেশে গমন করেছে এবং স্থানীয়ভাবে কর্মসংস্থান হয়েছে উভয় তথ্য পৃথক পৃথকভাবে মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। ১১.২ কোন টিটিসির মাধ্যমে কতজন চাকুরির নিমিত্ত বিদেশে গমন করেছেন সে তথ্য উপস্থাপন করতে হবে।	জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
	মনিটরিং কার্যক্রম জোরদারকরণ/নিরাপ দ অভিবাসন সংক্রান্ত	মে-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : • মে/২০২৬ মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা- ২৭৪টি • সৌদি আরবগামী কর্মীদের অভিযোগের সংখ্যা- ২১৭টি। মালয়েশিয়াগামী কর্মীদের অভিযোগের	১১.৩ অভিবাসন সম্পর্কিত অভিযোগ প্রাপ্তি ও নিষ্পত্তির অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন করতে হবে। ১১.৪ সকল কর্মকর্তাকে সম্পৃক্ত করে বিদ্যমান অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। ১১.৫ অনিষ্পন্ন/তদন্তাধীন অভিযোগ মোট সংখ্যা পরবর্তী	


ক্র.নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		সংখ্যা-০৪টি। - অন্যান্য দেশের কর্মীদের অভিযোগের সংখ্যা-৫৩টি। - মে/২০২৬ মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা-১২১টি - সৌদি আরবগামী কর্মীদের অভিযোগ নিষ্পত্তির সংখ্যা-৭৪টি। মালয়েশিয়াগামী কর্মীদের অভিযোগ নিষ্পত্তির সংখ্যা-২১টি। - অন্যান্য দেশের কর্মীদের অভিযোগ নিষ্পত্তির সংখ্যা-২৬টি। - মে/২০২৬ মাসে আদায়কৃত ক্ষতিপূরণ: ৩৩,১০,৯৯০/- বিএমইটি'র সকল শাখার উপপরিচালক এবং সহকারী পরিচালকগণকে তদন্ত ও সালিশ কর্মকর্তা নিয়োগপূর্বক অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে।	সভায় উপস্থাপন করতে হবে।	
	Overseas Employment Platform (OEP)	অভিযোগসমূহ সূচারুভাবে নিষ্পত্তির লক্ষ্যে OEPতে Complaint মডিউল সংযোজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়াও OEP Software ILO কর্তৃক সরবরাহ করা হলেও এটির Update, Maintenance and Sustainability নিশ্চিত করার জন্য টিম বা সেল গঠনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। মে-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : বৈদেশিক কর্মসংস্থান সংক্রান্ত সকল স্টেকহোল্ডার OEP সিস্টেমে সংযুক্ত। OEP সিস্টেম Maintenance and Sustainability করার জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে একটি পৃথক OEP সেল গঠন করা প্রয়োজন। এছাড়া Maintenance বাজেট বরাদ্দ অতি জরুরি। Complaint মডিউলটি ডেভেলপ শেষ হয়েছে এবং গত ০৪ জুন ও ০৯ জুন তারিখে ব্যবহারকারির সঙ্গে ০২টি পর্যালোচনা সভা হয়েছে। আগামী ১৫ জুন ২০২৬ তারিখ থেকে সকলের ব্যবহারের জন্য খোলা হবে।	১১.৫ OEP এর সফটওয়্যারসমূহ Update, Maintenance and Sustainability নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। ১১.৬ OEP-এর Complaint মডিউল সংযোজনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।	
	TAKAMOL	TAKAMOL স্কিল টেস্টে অংশগ্রহণকারীরা যাতে আরো বেশি পাশ করতে পারে সে বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য সভায় আলোচনা করা হয়। মে-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : Skills Verification Program (SVP) এর আওতায় বর্তমানে ৩০ টি সেন্টার, অর্থাৎ টিটিসি-২৮টি, বিআরটিসি ট্রেনিং সেন্টার-১টি ও ইনস্টিটিউট অব মাইনিং, মিনারোলজি এন্ড মেটালার্জি (আইএমএমএম), জয়পুরহাট-১টি এর মাধ্যমে সৌদি আরবগামী কর্মীদের মোট ৮০টি পেশায় Skills Test গ্রহণ করা হচ্ছে। এ পর্যন্ত মোট ৩,৬০,৬২০ জন কর্মী স্কিলস টেস্টে অংশগ্রহণ করে এবং ২,৬১,৩৩১ জন উত্তীর্ণ হয়। এছাড়া ২৫টি টিটিসিতে লোডিং আনলোডিং পেশায় এবং ১০ টি টিটিসিতে কিছু	১১.৭ TAKAMOL এর সঙ্গে সমন্বয় করে স্কিল টেস্ট অনুষ্ঠানকে আরও ফলপ্রসূ করার লক্ষ্যে বিএমইটি'র অধীন প্রয়োজনীয় সংখ্যক টেস্টিং ও ট্রেনিং সেন্টার প্রভুতের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	

ক্র.নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		অপ্রচলিত পেশায় সৌদি আরবগামী কর্মীদের স্কিল টেস্টে অংশগ্রহণ পূর্ববর্তী প্রস্তুতিমূলক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। এছাড়া Takamol এর চাহিদা অনুযায়ী স্কিল টেস্ট গ্রহণে SVP এর আওতায় নতুন আরও ২৬ টি পেশা অন্তর্ভুক্তির বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। বর্ণিত ২৬টি পেশার মধ্যে ১৯টি পেশার প্রয়োজনীয় যন্ত্রপাতির তালিকা ও ডকুমেন্ট Takamol-কে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে এবং পর্যায়ক্রমে অন্যান্য পেশার যন্ত্রপাতির তালিকা ও ডকুমেন্ট অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। প্রেরণকৃত ১৯টি পেশার মধ্যে Takamol কর্তৃক ইতোমধ্যে ১০ টি পেশার অনুমোদন প্রদান করায় উক্ত পেশাসমূহে টেস্টিং কার্যক্রম শুরু করা হবে।		
১২.	প্রবাসী অভ্যর্থনা ডেস্ক সংক্রান্ত	ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ডের প্রবাসী অভ্যর্থনা ডেস্কে যে অভিযোগগুলো পাওয়া যায় সেগুলো যথাসময়ে নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করা হয়।	১২.১ জুন ২০২৬ মাসে প্রবাসী অভ্যর্থনা ডেস্কে কয়টি অভিযোগ পাওয়া গেছে এবং কয়টি নিষ্পত্তি হয়েছে এ সংক্রান্ত তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	
	মৃতদেহের ক্ষতিপূরণ প্রাপ্তি সহজীকরণ	মে-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : - মে ২০২৬ মাসে আর্থিক অনুদান সংক্রান্ত ৪৫৩টি আবেদন পাওয়া যায়। আবেদনগুলোর নিষ্পত্তির প্রক্রিয়া চলমান। - মে ২০২৬ মাসে ৩৯২জন মৃত ব্যক্তির অনুকূলে আর্থিক অনুদান (ইতিপূর্বে প্রদত্ত আবেদনের প্রেক্ষিতে) বাবদ ১১ কোটি ৭২ লক্ষ ৫২ হাজার ৫৪০ টাকা প্রদান করা হয়েছে। - মে ২০২৬ মাসে বিমানবন্দরসমূহে “লাশ পরিবহন ও দাফন খরচ” বাবদ ৩৫ (পঁয়ত্রিশ) হাজার টাকা করে মোট ৪৭৬ জন মৃত ব্যক্তির অনুকূলে (৩৫০০০×৪৭৬) = ১ কোটি ৬৬ লক্ষ ৬০ হাজার টাকা বিতরণ পূর্বক নথিসমূহ নিষ্পত্তি করা হয়েছে। - মে ২০২৬ মাসে জীবন বীমার ক্ষতিপূরণ সংক্রান্ত ১২৭ জন মৃত ব্যক্তির আবেদন পাওয়া গিয়েছে। - মে ২০২৬ মাসে ০৬ (ছয়) মাসের মধ্যে ফেরত আসা ৩৪৬ জন কর্মীর আবেদন পাওয়া গিয়েছে। - মে ২০২৬ মাসে ৭০ জন মৃত ব্যক্তির জীবন বীমার ক্ষতিপূরণ বাবদ ৬ কোটি ৯২ লক্ষ টাকা প্রদান করা হয়েছে। - মে ২০২৬ মাসে ০৬ মাসের মধ্যে ফেরত আসা ১৫৭ জন কর্মীকে বীমার অর্থ বাবদ ৭৮ লক্ষ ৫০ হাজার টাকা প্রদান করা হয়েছে।	১২.২ মৃত ব্যক্তির পরিবারকে আর্থিক অনুদান প্রদানের বিষয়ে প্রাপ্ত আবেদন সংখ্যা, নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা এবং অনিষ্পন্ন আবেদনের সংখ্যা, কতদিন ধরে অনিষ্পন্ন রয়েছে, কী কারণে অনিষ্পন্ন রয়েছে এ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ১২.৩ জীবন বীমার ক্ষতিপূরণ বিষয়ে প্রাপ্ত আবেদন সংখ্যা, নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা এবং অনিষ্পন্ন আবেদনের সংখ্যা, কতদিন ধরে অনিষ্পন্ন রয়েছে, কী কারণে অনিষ্পন্ন রয়েছে এ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড
	জুলাই ২০২৪ গণঅভ্যুত্থানে ক্ষতিগ্রস্তদের সহযোগিতা	জুলাই ২০২৪ গণঅভ্যুত্থানের কারণে সংযুক্ত আরব আমিরাত হতে জেল-ফেরত ক্ষতিগ্রস্ত প্রবাসীদের বিষয়ে উপদেষ্টা কমিটি কর্তৃক প্রদত্ত সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা প্রদান করা হয়। মে-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : জুলাই ২০২৪ গণঅভ্যুত্থানের কারণে সংযুক্ত আরব আমিরাত হতে জেল-ফেরত ক্ষতিগ্রস্ত ১৮৮জনকে ৫০ হাজার টাকা করে প্রদান করা হয়েছে। জেলা প্রবাসী	১২.৪ জুলাই ২০২৪ গণঅভ্যুত্থানের কারণে সংযুক্ত আরব আমিরাত হতে জেল-ফেরত ক্ষতিগ্রস্ত প্রবাসীদের বিষয়ে উপদেষ্টা কমিটি কর্তৃক প্রদত্ত সুপারিশের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	

ক্র.নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
		কল্যাণ সেন্টার থেকে কাউন্সিলিং ও আর্থিক প্রণোদনা হিসেবে প্রত্যগত প্রত্যেক কর্মীকে ১৩,৫০০ টাকা করে ২৩৬ জনকে ৩১,৮৬,০০০/- (একত্রিশ লক্ষ ছিয়াশি হাজার) টাকা দেয়া হয়েছে। ০৭ জন জুলাই যোদ্ধাকে আউটসোর্সিং এর মাধ্যমে প্রবাসী কল সেন্টার নিয়োগ প্রদান করা হয়েছে।		
১৩.	বিভিন্ন দেশে কর্মী প্রেরণ ও নিরাপদ অভিবাসন সংক্রান্ত	মে-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : ২০২৫-২৬ অর্থবছরে মে মাসে মোট প্রেরণ করা হয়েছে ১৭,১১৩ জন। ২০২৫-২৬ অর্থবছরের জুলাই-মে মাস পর্যন্ত মোট প্রেরণ করা হয়েছে ১৭,১১৩ জন। ■ মালয়েশিয়াতে মোট ৭৮৭৩ জন কর্মীকে কনস্ট্রাকশন ও টুরিজম সেক্টরে নিয়োগের লক্ষ্যে Construction Labour Exchange Centre Berhad (CLAB) কর্তৃক ২৯৯০ জন কর্মীর পরীক্ষা নেয়া হয়েছে। তৎমধ্যে ১৯৬৩ জন কর্মী পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং ১৭৩৮ জন কর্মী মেডিকেল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। ■ যারা উত্তীর্ণ হয়েছে তাদের মধ্যে ১৫৭৯ জন কর্মীর প্রশিক্ষণ শেষ হয়েছে। ১৫৮ জন কর্মী প্রশিক্ষণ করার জন্য অপেক্ষামান রয়েছে। অদ্যাবধি ১,০০৭ জন কর্মী মালয়েশিয়া গমন করেছে।	১৩.১ বোয়েসেল কর্তৃক বিভিন্ন দেশে ২০২৫-২৬ অর্থ বছরে প্রেরিত কর্মীর সংখ্যাসহ প্রতিবেদনাধীন মাসে (জুন ২০২৬) কর্মী প্রেরণের বিষয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। ১৩.২ মালয়েশিয়ায় কর্মী প্রেরণ সংক্রান্ত সর্বশেষ তথ্য পরবর্তী সভায় অবগত করতে হবে। ১৩.৩ দক্ষিণ কোরিয়ার সাথে সম্পাদিত সমঝোতা স্মারকের আওতায় কতজন ভাষা ও স্নাতক শিক্ষার্থী দক্ষিণ কোরিয়ায় গমন করেছে তার তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	বোয়েসেল
১৪.	ঋণ বিতরণ কার্যক্রম	মে-২০২৬ মাসের অগ্রগতি নিম্নরূপ মর্মে সভাকে অবহিত করা হয় : ২০২৫-২৬ অর্থবছরে মে মাসে ২২৯১ জনকে ৫২.৬৭ কোটি টাকা ঋণ প্রদান করা হয়েছে। ২০২৫-২৬ অর্থবছরের জুলাই থেকে মে পর্যন্ত ৪৭৭৪৫ জনকে ১০০৩.৪৪ কোটি টাকা ঋণ প্রদান করা হয়েছে। ■ ২০২৫-২৬ অর্থবছরে মে/২০২৬ মাসে সর্বমোট রেমিট্যান্স বিতরণের পরিমাণ ৯৮,৯২২.৭৬/- টাকা। ■ ২০২৫-২৬ অর্থবছরে (জুলাই/২৫ হতে মে/২৬ পর্যন্ত) সর্বমোট রেমিট্যান্স বিতরণের পরিমাণ ৫৮,৮৬,২৮০.৩১/- টাকা। প্রবাসী কল্যাণ ব্যাংক ইসলামিক ব্যাংকিং উইন্ডো চালুরপের নিমিত্ত শরিয়াহ সুপারভাইজারী বোর্ড গঠনে অত্র ব্যাংকের পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের আলোকে ইসলামিক ফাউন্ডেশনকে সদস্য মনোনয়নের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। সদস্য তালিকা চূড়ান্ত হলে পর্ষদের অনুমোদনক্রমে পরবর্তী কর্মসূচী গ্রহণ করা হবে।	১৪.১ জুন ২০২৬ মাসে কতজনকে কোন কোন খাতে কী পরিমাণ ঋণ দেয়া হয়েছে সে সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করতে হবে। ১৪.২ জুন ২০২৬ মাসে আহরিত রেমিট্যান্সের পরিমাণ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ১৪.৩ Islamic Window খোলার বিষয়ে গৃহীত পদক্ষেপের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। ১৪.৪ নির্বাচনী ইশতেহার অনুযায়ী প্রবাসী কার্ড বিতরণের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ব্যাংকের গৃহীত কার্যক্রম পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	প্রবাসী কল্যাণ ব্যাংক

ক্র.নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১৫.	বিবিধ	মন্ত্রণালয় কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করা হয়।	১৫.১ জেলা প্রশাসক সম্মেলনের স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করে অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সংসদ ও সমন্বয় শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। ১৫.২ অত্র মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহে অগ্নি-নিরাপত্তা নিশ্চিতকরণের উদ্দেশ্যে ফায়ার-ড্রিল আয়োজনসহ অবকাঠামোগত সংস্কার ও আনুষঙ্গিক নিরাপত্তা উপকরণের ব্যবহার উপযোগিতা নিয়মিত পরীক্ষা করতে হবে। ১৫.৩ অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনা (GRS) থেকে প্রাপ্ত অভিযোগসমূহ স্ব-স্ব দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দ্রুততার সাথে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। ১৫.৪ মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী সকল পর্যায়ে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃষ্ণতাসাধনের উদ্যোগ গ্রহণ করতে হবে। দাপ্তরিক কাজে shared transport ব্যবহার, অনাবশ্যক বৈদ্যুতিক বাতি জ্বালানো পরিহার, শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসে সীমিতকরণ, গাড়িতে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের ব্যবহার সীমিতকরণ এবং সরকারি কার্যক্রমে অপ্রয়োজনীয় প্রটোকল পরিহার করতে হবে। বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে কৃষ্ণতাসাধনের বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	সকল অনুবিভাগ প্রধান ও দপ্তর- সংস্থা প্রধান

০২। পরিশেষে, অভিবাসন ব্যবস্থাপনায় সুশাসন আরও গতিশীল করার লক্ষ্যে সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে সকলকে আরও দায়িত্বশীল ভূমিকা পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ মোখতার আহমেদ)
সচিব